

ISSN : 2582-3841 (O)  
2348-487X (P)

# এবং প্রান্তিক

*Ebong Prantik*

An International Peer-Reviewed Multi-Disciplinary Journal

SJIF Approved Impact Factor : 7.16

Vol. 8<sup>th</sup> Issue 17<sup>th</sup>, May, 2021

# সম্পর্ক

সম্পাদক

আশিস রায়

# এবং প্রান্তিক

*An International Peer-Reviewed Multi-Disciplinary Journal*

*SJIF Approved Impact Factor : 7.16*

*Vol. 8<sup>th</sup> Issue 17<sup>th</sup>, May, 2021*

সম্পাদক

আশিস রায়



এবং প্রান্তিক

চণ্ডিবেড়িয়া, সারদাপল্লী, পোঃ - কেটপুর, কলকাতা - ৭০০১০২

Ebong Prantik  
An International Peer-Reviewed Multi-Disciplinary Journal  
SJIF Approved Impact Factor : 7.16  
[ISSN : 2582-3841(O), 2348-487X(P)],  
Published & Edited by Dr. Ashis Roy, Chandiberiya, Saradapalli,  
Kestopur, Kolkata - 700102, and  
Printed by Ananya, Burobattala, Sonarpur, Kolkata - 150,  
Vol. 8th Issue 17th, May 2021, Rs. 650/-  
E-mail : ebongprantik@gmail.com  
Website : www.ebongprantik.in

প্রকাশ  
৮ম বর্ষ ও ১৭ তম সংখ্যা  
৩১ মে, ২০২১

ISSN : 2582-3841 (O)  
2348-487X (P)

কপিরাইট  
সম্পাদক, এবং প্রান্তিক

প্রকাশক  
এবং প্রান্তিক  
আশিস রায়  
রেজিষ্টার্ড অফিস  
চণ্ডিবেড়িয়া, সারদাপল্লী, পোঃ - কেপ্তপুৰ, কলকাতা - ৭০০ ১০২  
ফোন - ৯৮০৪৯২৩১৮২  
সার্বিক সহয়তা - সৌৰভ বৰ্মন  
ফোন - ৮২৫০৫৯৫৬৪৭

মুদ্রণ  
অনন্যা  
বুড়ো বটতলা, সোনারপুর, কলকাতা - ৭০০ ১৫০  
ফোন - ৯১৬৩৯৩১৪৬৫

মূল্য : ৬৫০ টাকা

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের গোয়েন্দা কাহিনিতে সম্পর্কের জটিল জাল	
ললিতা রায়	৫৬১
মধ্যযুগীয় বাংলা সাহিত্যে পরকীয়া সম্পর্ক	
শ্রেয়া মণ্ডল	৫৬৯
পশ্চিমবঙ্গে সাধারণ গ্রন্থাগারগুলিতে প্রযুক্তিগত পরিষেবার চিত্র:	
একটি তুলনামূলক আলোচনা	
হীরক ঘোষ	
ইন্দ্রজিৎ ঘোষ	৫৭৯
মানব-প্রকৃতির সম্বন্ধ : একটি নারীবাদী পর্যালোচনা	
সৌতি বসু	৫৯০
সেক্স, পর্নোগ্রাফী ও বাঙালীর যৌনতা : একটি সামাজিক মূল্যায়ন	
উৎকলিকা সাহু	৬০৫
সবুজ বিপ্লব ও ভোপাল গ্যাস দুর্ঘটনা : পারস্পরিক সম্পর্কের	
এক ঐতিহাসিক পর্যালোচনা	
অঞ্জন ঘোষ	৬১৯
সন্তোষকুমার ঘোষের 'কিনু গোয়ালার গলি' ও 'সুধার শহর' :	
সম্পর্কের বহুমাত্রিকতা	
সুব্রত পাল	৬২৬
লোকশিক্ষা ও টুসু গান	
সুমন্ত মন্ডল	৬৩৪
মহিয়সী অঘোরকামিনী : নারী জাগরণের এক উজ্জ্বল দূত	
দীপংকর বিশ্বাস	৬৪৪
A study on Indian Culture in South East Asia under the Shailendra Dynasty	
Ganesh Das	৬৬১
Conditions and Requirements of Marrital Relationship in The Society of Kathasaritsagara	
Suhrid Chakraborty	৬৬৮

## সন্তোষকুমার ঘোষের 'কিনু গোয়ালার গলি' ও 'সুধার শহর' : সম্পর্কের বহুমাত্রিকতা

সুব্রত পাল

গবেষক, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

একজন মানুষের সঙ্গে আরেকজন মানুষের পরিচয়, তারপর ধীরে ধীরে সময়ের সঙ্গে সঙ্গে আলাপচারিতার মাধ্যমে সম্পর্ক গড়ে ওঠে। তবে পারিবারিক সূত্রে প্রাপ্ত সম্পর্কগুলি আমরা জন্মসূত্রেই পেয়ে থাকি। হৃদয়ের হৃদ্যতায় সম্পর্ক মধুর হয় আবার পরিস্থিতি ও সময়ের সঙ্গে সঙ্গে সম্পর্কে প্রলেপ পড়ে। আবার যে সম্পর্কে প্রাণের সংযোগ গড়ে উঠতে পারে না, সেখানে সম্পর্কে আসে তিজতা। আমাদের জীবন জুড়ে থাকে নানান সম্পর্কের শামিয়ানা। হৃদয়ের গোচরে কিংবা অগোচরে সম্পর্কেরা প্রস্ফুটিত হয়। কোনও সম্পর্ক শ্রদ্ধা ভালোবাসায় সিক্ত হয় আবার কোনও সম্পর্ক অঙ্কুরেই বিনষ্ট হয়। সম্পর্কের এই দোলাচলতা যেমন বাস্তবে তেমন আমরা সাহিত্যেও লক্ষ্য করি। সাহিত্যের এক বিস্তৃত অংশ জুড়ে রয়েছে সম্পর্কের বয়ন। প্রায় প্রত্যেক সাহিত্যিকের রচনাতেই রয়েছে সম্পর্কের নির্মাণ। সন্তোষকুমার ঘোষের উপন্যাসও এর ব্যতিক্রম নয়। সন্তোষকুমার ঘোষের 'কিনু গোয়ালার গলি' ও 'সুধার শহর' উপন্যাসে সম্পর্কের যে বহুমাত্রিক বয়ন লক্ষণীয় তা এখানে বিশ্লেষণ করে দেখানোর প্রয়াস রাখছি।

সন্তোষকুমার ঘোষের প্রথম প্রকাশিত উপন্যাস 'কিনু গোয়ালার গলি'(১৯৫০), প্রকাশের সঙ্গে সঙ্গেই বিশেষ জনপ্রিয়তা অর্জন করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের অব্যবহিত পূর্ববর্তী সময়কালে কলকাতা শহরের গলি জীবনের বাস্তব অভিজ্ঞতাকে লেখক এই উপন্যাসে তুলে ধরেছেন। উপন্যাসের সমস্ত ঘটনার সাক্ষী প্রমথনাথ পোদ্দার—“শিকে ঘেরা ঘরখানিতে বসে সোনা চাঁদি ওজন করছে বটে, কিন্তু বাইরের সব খবর জানছে ঠিক”। মণীন্দ্র-শান্তি-ইন্দ্রজিৎ, শান্তি-ইন্দ্রজিৎ-নীলা, নীলা-অবিনাশ, শকুন্তলা-বনমালীর সম্পর্কের নানা সমীকরণগুলি তার দৃষ্টি এড়ায়নি।

শান্তি চরিত্রের মধ্যে দিয়ে পুরুষতান্ত্রিক সমাজে নারীর নাম-পরিচয়ের সংকটের চিত্র উপস্থাপিত হয়েছে। বিয়ের পর স্বামীর পরিচয়েই নারীর পরিচয়। শান্তির স্বামী মণীন্দ্র সান্যাল। শান্তি—মণিবাবুর বউ বা মিসেস সান্যাল, তার কোনও নিজস্বতা নেই।